



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/ ৭১৭৭ / কুমিল্লা-৩২০/৬

তারিখঃ ১০ .১২.২০১৯খ্রি.

বিষয়: রিট পিটিশন নং-৭৩০৬/২০১৯ এর ০৮/০৭/২০১৯ খ্রি. তারিখের অন্তর্বর্তীকালীন আদেশ vacate করণের হালনাগাদ তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে

- সূত্র:** ১। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৯৮.১৯-৫০৩; তারিখ: ৩০/০৯/২০১৯ খ্রি.
 ২। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/কুমিল্লা-৩২৩/৩০৯৬; তারিখ: ২৫/০৬/২০১৯ খ্রি.
 ৩। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/কুমিল্লা-৩২৩/৩১৫৮; তারিখ: ০৩/১১/২০১৯ খ্রি.
 ৪। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/কুমিল্লা-৩২৩/৩১৬০; তারিখ: ০৭/১১/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে কুমিল্লা জেলার নাঙ্গলকোট উপজেলাধীন চারিজনানিয়া জামেয়াই ছালেহিয়া দ্বীনিয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব মহিউদ্দিন আল হেলালীকে বিধি বহির্ভূতভাবে বরখাস্ত বিষয়ে রিট পিটিশন নং ৭৩০৬/২০১৯ মামলার আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে জানানোর জন্য শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক সূত্রোক্ত ১ নং স্মারকের মাধ্যমে পত্র প্রেরণ করা হয়েছে।

উক্ত পত্রের আলোকে দেখা যায় মাদ্রাসার সুপারের দায়িত্ব বুঝিয়ে দেওয়ার জন্য ভারপ্রাপ্ত সুপারকে অত্র বোর্ড ইতোমধ্যে সূত্রোক্ত ২ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। ভারপ্রাপ্ত সুপার দায়িত্ব না বুঝিয়ে দিয়ে বোর্ডের স্মারকের বিরুদ্ধে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৭৩০৬/২০১৯ দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ ০৮/০৭/২০১৯ খ্রি. তারিখে বোর্ডের সূত্রোক্ত ২ নং স্মারকের বিরুদ্ধে স্থগিতাদেশ দেন। হাইকোর্ট বিভাগের উক্ত স্থগিতাদেশ এর বিরুদ্ধে সিভিল পিটিশন নং ২৫৬১/২০১৯ দায়ের করা হলে মহামান্য সুপ্রীমকোর্টের আপীল বিভাগের মাননীয় চেম্বার জজ শুনানীতে ০২/০৯/২০১৯ খ্রি. তারিখে হাইকোর্ট বিভাগের স্থগিতাদেশ স্থগিত করেন। ফলে বোর্ড কর্তৃক প্রেরিত ২ নং স্মারকটির কার্যকারিতা বলবৎ রয়েছে। অপরদিকে মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র অনুযায়ী মাদ্রাসার সহ-সুপার মো: শামছুদ্দিন হামিদীকে রিট করার জন্য মাদ্রাসার পক্ষ থেকে কোন অনুমতি প্রদান করা হয়নি মর্মে প্রত্যয়নপত্রে উল্লেখ করেছেন

বর্ণিত অবস্থায় মাদ্রাসার ম্যানেজিং কমিটির অনুমোদন ব্যতীরেকে মাদ্রাসার নামে রিট পিটিশন নং ৭৩০৬/২০১৯ দায়ের করায় জনাব মো: শামছুদ্দিন হামিদীর এমপিও স্থগিতের সুপারিশসহ তার বিরুদ্ধে বোর্ড কর্তৃক বিধি মোতাবেক কেন ব্যবস্থা গ্রহণ করা হবে না জবাব প্রেরণের জন্য সূত্রোক্ত ৩ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়েছে। একইসাথে মাদ্রাসার দায়িত্ব পালন ও প্রশাসনিক কার্যক্রম পরিচালনার জন্য পাসওয়ার্ড পরিবর্তনের লক্ষ্যে বোর্ডে আবেদন করার জন্য জনাব মহিউদ্দিন আল হেলালীকে সূত্রোক্ত ৪ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়েছে।

বিষয়টি মহোদয়কে অবহিত করা হলো।


 (মো: সিদ্দিকুর রহমান)


রেজিস্ট্রার

ও

চেয়ারম্যান (রুটিন দায়িত্ব)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮


 ১১/১২/১৯

সচিব

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:

- সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মো: আ: খালেদ মিজ্ঞা, সিনিয়র সহকারী সচিব (মাদ্রাসা-১), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- অফিস কপি।